

দেবতাখুম ভ্রমণে নিষেধাজ্ঞা উঠল

- A Monitor Desk Report

Date: 19 January, 2024



কক্সবাজার: আগামী ২২ জানুয়ারি থেকে পর্যটকরা বান্দরবানের রোয়াংছড়ির দেবতাখুম পর্যটনকেন্দ্রে ভ্রমণ করতে পারবেন। বুধবার (১৭ জানুয়ারি) রাতে বান্দরবানের জেলা প্রশাসক শাহ মোজাহিদ উদ্দিন স্বাক্ষরিত এক গণবিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

গণবিজ্ঞপ্তিতে বলা হয়, এখন থেকে কোনো ধরনের বাধা-নিষেধ ছাড়াই পর্যটকগণ রোয়াংছড়ির দেবতাখুম পর্যটন এলাকা ভ্রমণ করতে পারবেন। তবে উপজেলার দুর্গম এলাকায় যাওয়ার আগে উপজেলা প্রশাসনকে জানিয়ে ভ্রমণে যেতে হবে।

প্রসঙ্গত, পৃথক ও স্বায়ত্বশাসিত 'কুকি-চিন' রাজ্যের দাবিতে 'কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ)' সশস্ত্র আন্দোলন শুরু করলে এবং তাদের সঙ্গে গড়ে ওঠা জঙ্গি কানেকশন ধ্বংস করতে র‌্যাবের বিশেষ অভিযান শুরু হলে নিরাপত্তার স্বার্থে গত বছরের ১৪ জুলাই থেকে রোয়াংছড়ি উপজেলায় দেশী-বিদেশী সব ধরনের পর্যটক ভ্রমণের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে জেলা প্রশাসন।

পরে পরিস্থিতির উন্নতি না হওয়ায় কয়েক দফায় নিষেধাজ্ঞার মেয়াদ বাড়ানো হয়।

-B